



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ২৯০(ক)


তারিখ- ২৮/৬/২০১৫

ভর্তির ফলাফল প্রকাশ ও অনলাইন ভর্তি প্রক্রিয়ার বিবরণ

- ২৮/০৬/২০১৫ তারিখে শিক্ষার্থীদের মেধা, পছন্দক্রম এবং শিক্ষা প্রতিষ্ঠানের আসন সংখ্যার ভিত্তিতে ১ম মেধা তালিকা প্রকাশ করা হবে।
- ১ম মেধাতালিকা থেকে ভর্তির তারিখঃ ২৯/০৬/২০১৫ থেকে ০২/০৭/২০১৫ (বিলম্ব ফি ব্যতীত)
- ০২/০৭/২০১৫ তারিখের মধ্যে নির্বাচিত শিক্ষার্থীরা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ভর্তি ফরম পূরণ করে শিক্ষাবোর্ড ও শিক্ষা প্রতিষ্ঠানের নির্ধারিত ফি এবং প্রয়োজনীয় কাগজপত্র জমা সাপেক্ষে ভর্তি হবে এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে ভর্তিকৃত শিক্ষার্থীদের অবশ্যই অনলাইনে নিশ্চায়ন করতে হবে। অনলাইনে নিশ্চায়নের ফলে সার্বক্ষণিক ও সার্বিকভাবে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত শিক্ষার্থী এবং খালি আসন সংখ্যা (গ্রুপ, শিফট এবং ভার্সন ভিত্তিক) সঠিক পরিসংখ্যান পাওয়া যাবে।
- যেসকল নির্বাচিত শিক্ষার্থী পছন্দের উর্ধ্বক্রমে শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন (মাইগ্রেশন) করতে ইচ্ছুক তাদেরকেও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে ভর্তি হতে হবে ও ভর্তি হওয়ার পর ০৪/০৭/২০১৫ তারিখের মধ্যে তাদেরকে অনলাইনে নিজ নিজ Application ID ও Password ব্যবহার করে শিক্ষার্থী নিজেই শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তনের পছন্দের উর্ধ্বক্রমের জন্য সম্মতি/অপশন প্রদান করবে।
- ১ম মেধাতালিকা শেষ হওয়ার পর যেসমস্ত শিক্ষার্থী শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন (মাইগ্রেশন) এর অপশন প্রদান করেছে এবং যারা এখনো কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য নির্বাচিত হয়নি তাদের ফলাফল এবং শিক্ষা প্রতিষ্ঠান সমূহের খালি আসনের ভিত্তিতে ২য় মেধাতালিকা প্রকাশ করা হবে ০৬/০৭/২০১৫ তারিখে।
- ২য় মেধাতালিকা এবং মাইগ্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির তারিখঃ ০৭/০৭/২০১৫ ও ০৮/০৭/২০১৫ (বিলম্ব ফি-সহ)
- ২য় মেধাতালিকা এবং মাইগ্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি শেষ হওয়ার পর শিক্ষা প্রতিষ্ঠানের (গ্রুপ, শিফট এবং ভার্সন ভিত্তিক) শূণ্য আসনের তালিকা অনলাইনে পাওয়া যাবে।
- ১ম ও ২য় মেধাতালিকার যে সব শিক্ষার্থী নির্বাচিত হয়েও কোন শিক্ষা প্রতিষ্ঠানে নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি হয় নাই বা কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য নির্বাচিত হয় নাই, তাদেরকে রিলিজস্লিপধারী হিসেবে গণ্য করা হবে। এই সব শিক্ষার্থী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের খালি আসনের বিপরীতে অনলাইনে সর্বোচ্চ ৫টি শিক্ষা প্রতিষ্ঠানের অপশন দিয়ে ০৯/০৭/২০১৫ থেকে ১০/০৭/২০১৫ তারিখের মধ্যে আবেদন করবে। এক্ষেত্রে কোন আবেদন ফি প্রদান করতে হবে না।
- রিলিজস্লিপধারী প্রার্থীদের আবেদনের ফল ১১/০৭/২০১৫ তারিখে প্রকাশ করা হবে।
১০. রিলিজস্লিপধারী প্রার্থীদেরকে ১২/০৭/২০১৫ তারিখে বিলম্ব ফি সহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে হবে।
১১. নতুন আবেদনকারী ছাত্র/ছাত্রী অর্থাৎ যেসব শিক্ষার্থী পূর্বে অনলাইন বা এসএমএস এর মাধ্যমে আবেদন করে নাই, সেইসব শিক্ষার্থী অনলাইনে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শূণ্য আসন দেখে ১৩/০৭/২০১৫ থেকে ২১/০৭/২০১৫ তারিখের মধ্যে অনলাইনে সর্বোচ্চ ৫টি এবং এসএমএস এর মাধ্যমে একাধিক শিক্ষা প্রতিষ্ঠানের পছন্দক্রম দিয়ে আবেদন ফি প্রদানপূর্বক আবেদন করতে পারবে।
১২. নতুন আবেদনকারীদের ফলাফল ২৩/০৭/২০১৫ তারিখে প্রকাশ করা হবে।
১৩. নতুন আবেদনকারীদের ভর্তির তারিখঃ ২৫/০৭/২০১৫ ও ২৬/০৭/২০১৫ (বিলম্ব ফি-সহ)।
১৪. ক্লাস শুরু : ০১/০৭/২০১৫ তারিখ।
১৫. ১ম মেধা তালিকার ভর্তিকৃত শিক্ষার্থীদের বোর্ডের প্রাপ্য ফি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে প্রেরণের তারিখঃ ০৫/০৭/২০১৫ (বিলম্ব ফি ছাড়া)
১৬. ২য় মেধা তালিকা, রিলিজ স্লিপধারী ও নতুন (২য় পর্যায়ের আবেদনকৃত শিক্ষার্থী) ভর্তিকৃত শিক্ষার্থীদের বোর্ডের প্রাপ্য ফি শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে প্রেরণের তারিখঃ ২৮/০৭/২০১৫ তারিখ (বিলম্ব ফি-সহ)।

বিঃদ্রঃ শুধুমাত্র ঢাকা বোর্ডের শিক্ষার্থীরা ভর্তির সময় অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রের সাথে অন-লাইনে প্রাপ্ত একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা দিবে।

চেয়ারম্যানের নির্দেশক্রমে


২৮/০৭/২০১৫
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

ঢাকা।